



বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)
সাধারণ প্রশাসন শাখা

বাংলাদেশের
সুর্ণজয়ন্তী
Bangladesh



বিজিএফসিএল এর নৈতিকতা কমিটির ত্রৈমাসিক (এপ্রিল-জুন, ২০২২) সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ আমীর ফয়সাল মহাব্যবস্থাপক (টেকনিক্যাল সার্ভিসেস) ও সভাপতি, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল
সভার তারিখ	২৪.০১.২০২২
সভার সময়	বিকাল ৩:০০ ঘটিকা
স্থান	মিটিং রুম, প্রধান কার্যালয়, বিজিএফসিএল, বিরাসার, ব্রাহ্মণবাড়িয়া
উপস্থিতি	উপস্থিতি তালিকা সংযুক্ত

১২.০৪.২০২২ তারিখে কোম্পানির নৈতিকতা কমিটির ত্রৈমাসিক (এপ্রিল-জুন, ২০২২) সভা কোম্পানির মিটিং রুমে কমিটির সভাপতি, জনাব মোঃ আমীর ফয়সাল, মহাব্যবস্থাপক(টেকনিক্যাল সার্ভিসেস)-এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। বিজিএফসিএল-এর শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২০২২ এর ৪র্থ কোয়ার্টারের কার্যক্রম বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণসহ নৈতিকতা কমিটির সদস্যগণ সভায় অংশগ্রহণ করেন। সভার শুরুতে সভাপতি সবাইকে স্বাগত জানিয়ে কমিটির সদস্য-সচিবকে আলোচনা শুরু করার জন্য নির্দেশনা প্রদান করেন। সভায় নিম্নোক্ত বিষয়সমূহ আলোচনা করা হয়:

১.০আলোচনা

১.১। কমিটির সদস্য-সচিব সভাকে অবহিত করেন যে, চলতি অর্থবছরের ৪র্থ (এপ্রিল-জুন, ২০২২) কোয়ার্টারে ৬ বার (প্রতি মাসে ন্যূনতম ২ বার) করে 'কোম্পানির আবাসিক এলাকায় মশা নিধনকল্পে ফগার মেশিনের মাধ্যমে ঔষধ প্রয়োগ' এর লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে। এতদ্বিষয়ে কার্য বাস্তবায়নকারী কর্মকর্তা উপ-মহাব্যবস্থাপক (সার্ভিসেস), জনাব মোঃ ছায়েদুর রহমান-কে দৃষ্টি আকর্ষণ করা হলে তিনি সভাকে অবহিত করেন যে, লক্ষ্যমাত্রা অনুযায়ী ফগার মেশিনের মাধ্যমে কোম্পানির আবাসিক এলাকার মশা নিধনকল্পে ঔষধ প্রয়োগ চলমান আছে এবং ৪র্থ (এপ্রিল-জুন, ২০২২) কোয়ার্টারের লক্ষ্যমাত্রা অনুযায়ী কোম্পানির আবাসিক এলাকায় মশা নিধনকল্পে ফগার মেশিনের মাধ্যমে যথারীতি ঔষধ প্রয়োগ করা হবে।

১.২। সভায় কমিটির সদস্য-সচিব আরো অবহিত করেন যে, চলতি অর্থবছরের ৪র্থ (এপ্রিল-জুন, ২০২২) কোয়ার্টারে শুদ্ধাচার পুরস্কার প্রদানের লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে এবং এ লক্ষ্যে ইতোমধ্যে কমিটি গঠন করা হয়েছে। সভায় উপস্থিত সকলেই এ বিষয়ে আলোচনায় অংশগ্রহণ করেন এবং স্থির করা হয় যে, জুন, ২০২২ এর মধ্যেই শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১.৩। সভাকে এই মর্মে অবহিত করা হয় যে, চলতি অর্থবছরের ৪র্থ (এপ্রিল-জুন, ২০২২) কোয়ার্টারে 'কনডেনসেট স্টোরেজ ইনভেন্টরি' এর লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে। এ বিষয়ে সভায় উপস্থিত ব্যবস্থাপক (কনডেনসেট প্রসেসিং), জনাব মোঃ শফিকুল ইসলাম-এর দৃষ্টি আকর্ষণ করা হলে তিনি সভাকে জানান যে, কনডেনসেট স্টোরেজ ইনভেন্টরির কার্য যথাসময়ে বাস্তবায়ন করে নৈতিকতা কমিটিকে অবহিত করা হবে।

২.০সিদ্ধান্ত:

২.১। সার্ভিসেস বিভাগ চলতি অর্থবছরের ৪র্থ (এপ্রিল-জুন, ২০২২) কোয়ার্টারে ন্যূনতম ৬ বার (প্রতি মাসে ন্যূনতম ২ বার) করে কোম্পানির আবাসিক এলাকায় মশা নিধনকল্পে ঔষধ প্রয়োগ করবে।

২.২। নৈতিকতা কমিটি জুন, ২০২২ এর মধ্যে শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

২.৩। কনডেনসেট প্রসেসিং বিভাগ চলতি অর্থবছরের ৪র্থ (এপ্রিল-জুন, ২০২২) কোয়ার্টারে কনডেনসেট স্টোরেজ ইনভেন্টরির কার্য যথাসময়ে বাস্তবায়ন করে নৈতিকতা কমিটিকে অবহিত করবে।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ আমীর ফয়সাল

মহাব্যবস্থাপক (টেকনিক্যাল সার্ভিসেস) ও
সভাপতি, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল

স্মারক নম্বর: ২৮.১০.১২১৩.০৩২.৩৩.০০১.২২.৩১৭

তারিখ: ১১ বৈশাখ ১৪২৯

২৪ এপ্রিল ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মহাব্যবস্থাপক (পরিকল্পনা কৌশল) ও ফোকাল পয়েন্ট, নৈতিকতা কমিটি, পेट্রোবাংলা।
- ২) সকল সদস্য, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল।
- ৩) উপ-মহাব্যবস্থাপক (সার্ভিসেস), বিজিএফসিএল
- ৪) ব্যবস্থাপক (আইডল্লিউটি), বিজিএফসিএল (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৫) ব্যবস্থাপক (সিপি), কনডেনসেট প্রসেসিং শাখা(তিতাস ফিল্ড), বিজিএফসিএল।



মোহাম্মদ জোয়াদ আলী

ব্যবস্থাপক (প্রশাসন) ও সদস্য-সচিব, নৈতিকতা
কমিটি, বিজিএফসিএল